কুষ্টিয়ায় নদীতে গোসল করতে গিয়ে দুই শিশু নিখোঁজ

কুষ্টিয়ার খোকসা উপজেলার গড়াই নদীতে গোসল করতে গিয়ে দুই কন্যাশিশু নিখোঁজ হওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় এলাকায় উদ্বেগ ও উৎকণ্ঠা ছড়িয়ে পড়েছে। নিখোঁজ শিশুদের উদ্ধারে ফায়ার সার্ভিস ও স্থানীয়দের সমন্বয়ে উদ্ধার তৎপরতা চলছে।

শনিবার দুপুরের দিকে খোকসা উপজেলার গড়াই নদীর একটি ঘাটে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, চারজন শিশু একসঙ্গে নদীতে গোসল করতে নামে। একপর্যায়ে পানির স্রোত ও গভীরতার কারণে তাদের মধ্যে দুজন তলিয়ে গিয়ে নিখোঁজ হয়ে যায়।

নিখোঁজ দুই শিশুর মধ্যে একজন ফারুকের মেয়ে তাইবা (৬) এবং অপরজন সোহেলের মেয়ে সুরাইয়া (৭)। তাদের বাড়ি খোকসা উপজেলার ওসমানপুর চরপাড়া আদর্শ গ্রামে।

ঘটনার পরপরই স্থানীয়রা নদীতে নেমে খোঁজাখুঁজি শুরু করেন। পরে খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করে। স্থানীয় প্রশাসন ও এলাকাবাসীও উদ্ধারকাজে সহায়তা করছেন।

শেষ খবর পাওয়া পর্যন্ত শিশু দুটিকে উদ্ধার করা সম্ভব হয়নি এবং ফায়ার সার্ভিসের অভিযান অব্যাহত রয়েছে।

কুষ্টিয়ায় সরকারি শিশু পরিবার থেকে শিশু নিখোঁজ

কুষ্টিয়ার সরকারি শিশু পরিবার (বালক) থেকে রিজভী নামে সপ্তম শ্রেণির এক শিক্ষার্থী এক সপ্তাহেরও বেশি সময় ধরে নিখোঁজ রয়েছে।